

শেখ রাসেল কুইজ-২০২২ অংশগ্রহণের নিমিত্ত FAQ (Frequently Asked Question)

প্রশ্ন-১। শেখ রাসেল অনলাইন কুইজ ২০২২ এ অংশগ্রহণের জন্য লগইন করতে হবে কি?

উত্তরঃ হ্যাঁ। আপনি যে গ্রুপে নিবন্ধন করেছেন, যেমনঃ

গ্রুপ ক: ৩০ সেপ্টেম্বর ২০২২, সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যে কোনো ১০ মিনিট এবং

গ্রুপ খ: ০১ অক্টোবর ২০২২, সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যে কোনো ১০ মিনিট সময়ের জন্য লগইন করে কুইজে অংশগ্রহণ করতে হবে।

প্রশ্ন-২। শেখ রাসেল অনলাইন কুইজ ২০২২ এ অংশগ্রহণ করতে হলে কি প্রোফাইল সম্পাদন (আপডেট) করতে হবে?

উত্তরঃ হ্যাঁ। কুইজে অংশগ্রহণ করতে হলে আবশ্যিকভাবে কুইজ শুরু হওয়ার পূর্বে আপনাকে প্রোফাইল সম্পাদন করতে হবে। অন্যথায় কুইজে অংশগ্রহণ করতে পারবেন না।

প্রশ্ন-৩। শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২ কিভাবে শুরু করতে হবে?

উত্তরঃ লগইন করার পর 'শুরু করুন' বাটনে ক্লিক করে কুইজ শুরু করতে পারবেন।

প্রশ্ন-৪। শেখ রাসেল অনলাইন কুইজ কিভাবে শেষ করব?

উত্তরঃ কুইজ-এর জন্য নির্ধারিত সময় অতিবাহিত হলে স্বয়ংক্রিয়ভাবে কুইজ শেষ হবে অথবা আপনি চাইলে 'শেষ করুন' বাটনে ক্লিক করে শেষ করতে পারবেন।

প্রশ্ন-৫। শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতা ২০২২ এ পুনরায় অংশগ্রহণ করতে পারব কিনা?

উত্তরঃ না। আপনি একবার কুইজে অংশগ্রহণ করার পর পুনরায় অংশগ্রহণ করতে পারবেন না।

প্রশ্ন-৬। লগইন পাসওয়ার্ড ভুলে গেলে করণীয় কি?

উত্তরঃ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সংশ্লিষ্ট জেলা ও উপজেলা কার্যালয়ে যোগাযোগপূর্বক পাসওয়ার্ড রিসেট করে নিতে পারবেন।

প্রশ্ন-৭। কুইজে অংশগ্রহণের পূর্বে করণীয় বিষয় কি?

উত্তরঃ

১। ইন্টারনেট কানেকশন এবং ডিভাইস (মোবাইল/ল্যাপটপ/কম্পিউটার/ট্যাব) সঠিকভাবে কাজ করছে কিনা চেক করে নিন। প্রয়োজনে বিকল্প ব্যবস্থা রাখুন।

২। কুইজ প্ল্যাটফর্মে (<https://quiz.sheikhrussel.gov.bd>) সঠিকভাবে লগইন করতে পারছেন কিনা যাচাই করে নিন।

৩। প্রোফাইল আপডেট সম্পন্ন করেছেন কিনা নিশ্চিত হয়ে নিন।